



# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

ফোন : ০২৫৮৮৮-৪৪৯৮১  
ফ্যাক্স : ০২৫৮৮৮-৪৫১৩৪

তারিখ: ০৫.০২.২০২৪

### প্রেস রিলিজ

#### পাবিপ্রবিতে জাতীয় গ্রন্থাগার দিবস পালন ডরমিটরি অফিস উদ্বোধন

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে আজ ৫ ফেব্রুয়ারি, সোমবার 'গ্রন্থাগারে বই পড়ি, স্মার্ট বাংলাদেশ গড়ি' প্রতিপাদ্যকে সামনে রেখে জাতীয় গ্রন্থাগার দিবস পালন করা হয়েছে। দিবসটি উপলক্ষে সকাল সাড়ে ৯টায় উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন-এর নেতৃত্বে প্রশাসন ভবনের সামনে থেকে এক র্যালি বের করা হয়। র্যালিতে উপ-উপাচার্য অধ্যাপক ড. এস এম মোস্তফা কামাল খান, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. কে এম সালাহ উদ্দীন এবং রেজিস্ট্রার বিজন কুমার ব্রহ্ম, অতিরিক্ত গ্রন্থাগারিক মো. হাফিজুর রহমান মোল্লা, শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীরা অংশগ্রহণ করেন।

র্যালি শেষে সোসেন্ট্রাল লাইব্রেরি অ্যাড ইনফরমেশন সেন্টার'র সামনে দিবসটি উপলক্ষে এক সংক্ষিপ্ত আলোচনা অনুষ্ঠিত হয়। উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন বলেন, জ্ঞান আহরণের জন্য লাইব্রেরিতে যাওয়া এবং স্মার্ট বাংলাদেশ গঠন করতে হলে জীবনের প্রতিটি ক্ষেত্রে আমাদের স্মার্ট হতে হবে। জ্ঞানের প্রসারতা বাড়ানোর কোনো বিকল্প নেই। সবার মধ্যে জ্ঞান পৌঁছানোর মধ্য দিয়ে সত্যিকারের সমাজ নির্মাণ হতে পারে। জ্ঞানের আলোয় নিজেকে প্রসারিত করার মধ্য দিয়ে দেশকে এগিয়ে নিয়ে যেতে হবে।

উপ-উপাচার্য অধ্যাপক ড. এস এম মোস্তফা কামাল খান বলেন, শিক্ষার্থীদের লাইব্রেরি মুখী করে তুলতে হবে। সময়ের সাথে তাল মিলিয়ে গ্রন্থাগারকে স্মার্ট, নান্দনিক ও সময়োপযোগী করে গড়ে তুলতে হবে। জীবন সংগ্রামে টিকে থাকার জন্য অ্যাডভান্স ভাবনা আমাদের ভাবতে হবে।

কোষাধ্যক্ষ অধ্যাপক ড. কে এম সালাহ উদ্দীন বলেন, জাতীয় জীবনে বই পড়ার গুরুত্ব অপরিসীম। নিজেদেরকে পাঠ্য পুস্তকের বাইরেও বই পড়তে হবে। বই পড়ে নিজেকে সমৃদ্ধ করে গড়ে তোলা এবং স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে বই পড়ার কোনো বিকল্প নেই। গ্রন্থাগারে এসে বেশি বেশি বই পড়তে হবে।

এদিকে আজ দুপুর দেড়টায় বিশ্ববিদ্যালয়ের ডরমিটরি অফিস উদ্বোধন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন। বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. এস এম মোস্তফা কামাল খান, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. কে এম সালাহ উদ্দীন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ডরমিটরি তত্ত্বাবধায়ক মো. একরামুল ইসলাম। এছাড়াও উপস্থিত ছিলেন প্রক্টর ড. মো. কামাল হোসেন, ছাত্র উপদেষ্টা ড. মো. নাজমুল হোসেন'সহ অনেকে।

(মো.বাবুল হোসেন)

সহকারী পরিচালক

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।